দৈনিক ইত্তেফাক
তারিখ ১৮ JUL 2007
পৃষ্ঠা ১ কলাম ৩

সোমবার মিছিল করায় পুলিশবাদি মামলা

# ঢাবিতে পরীক্ষা ক্লাস হয়েছে জগন্নাথ ভার্সিটিতে গাড়ি ভাংচুর

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে গাড়ি ভাংচুরের ঘটনা ঘটেছে। কুষ্টিয়ায় ইসলামী বিশ্ববিদ্যায়ে ছাত্রলীগের মিছিল পুলিশের ধাওয়ায় পন্ড হয়ে যায়। সিলেটে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সকালে বাসের চাবি কেড়ে নেয়া হয়। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের বেশীরভাগ পরীক্ষা ও ক্লাস অনুষ্ঠিত হয়েছে। সব রুটেই বিশ্ববিদ্যালয়ের বাস চলাচল ছিল স্বাভাবিক। তবে ক্যাম্পাসে শিক্ষার্থীদের উপস্থিতি ছিল কম। এদিন ছাত্রলীগের কোন নেতা-কর্মীকে মিছিল-সমাবেশ করতে দেখা যায়নি। সকাল থেকেই কলাভবন এলাকা, ডাকসু, টিএসসি, কার্জন হল এলাকাসহ সব হল গেটেই অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ব্যাপক পুলিশের উপস্থিতিতে (২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ঢাবিতে পরীক্ষা

(প্রথম পৃঃ পর)

সকাল সাড়ে এগারোটার দিকে নেতাকর্মীরা বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক থেকে মিছিল শুরু করে। খুব দ্রুত মিছিল শেষ করে তারা দুটি বাস ভাংচুর করে। এদিকে সকাল সাড়ে নয়টার দিকে অজ্ঞাত বক্তিরা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক কাজী আসাদকে ফোন করে মঙ্গলবার পরীক্ষা না নেয়ার হুমকি দেয়া হয় বলে তিনি সাংবাদিকদের জানান। সরকারি কবি নজরুল ও সোহরাওয়ার্দী কলেজেও শিক্ষার্থী উপস্থিতি খুবই কম ছিল।

মঙ্গলবার দুপুরে ইসলামী বিশ্ববিদ্যায়ের কলা অনুষদের সামনে থেকে ছাত্রলীগের নেতাকর্মীরা একটি মিছিল বের করলে ইবি থানা পুলিশ ও গোয়েন্দা পুলিশের কর্মকর্তারা পেছন থেকে ধাওয়া দেয়। তাতে মিছিলটি ছত্রভঙ্গ হয়ে যায়। তবে বিভিন্ন বিভাগে পূর্ব ঘোষিত পরীক্ষাগুলো স্থগিত করে দেয়। সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মূল ফটকে মোতায়েন করা হয় বিপুল সংখ্যক র‌্যাব ও পুলিশ। তবে সকাল সাড়ে আটটায় ছাত্রলীগের নেতারা সকল বাসের চাবি কেড়ে নেয়।

**মিছিল করায় পুলিশ বাদি :** আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার গ্রেফতারের প্রতিবাদে গত সোমবার পুরাতন ঢাকার রায়সাহেব বাজার মোড়ে পুলিশের সঙ্গে নেতা-কর্মীদের সংঘর্ষ ও ভাংচুরের ঘটনায় কোতোয়ালী থানায় পুলিশ বাদি হয়ে মামলা দায়ের করে। এই মামলায় ১০ জন আওয়ামী লীগ নেতা-কর্মীকে আসামী হিসাবে নাম ঠিকানা উল্লেখ করা হয়। এ ছাড়া অজ্ঞাত আসামীর সংখ্যা অনেক বলেও এজাহারে উল্লেখ করেছে। ঘটনার সময় পুলিশ ১০ জন আসামীর মধ্যে ৪ জন মহিলা কর্মীকে গ্রেফতার করেছে। জরুরী অধ্যাদেশে এই মামলা দায়ের করা হয়।

**ঢাবির চার হলে তল্লাশী :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারটি আবাসিক হলে গত মঙ্গলবার রাতে তল্লাশী অভিযান চালিয়েছে পুলিশ। তবে এ অভিযানে কাউকে আটক করা হয়নি। অন্য একটি সূত্র জানিয়েছে, ছাত্রলীগের যেসব নেতাকর্মী আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনাকে গ্রেফতারের প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছিল তাদেরকে ধরতেই এ অভিযান চালানো হয়। তবে শাহবাগ থানার কর্মকর্তা আক্তার মোর্শেদ জানান, এটা ছিল তাদের রুটিন ওয়ার্ক। ক্যাম্পাস ও থানা সূত্র জানায়, গত মঙ্গলবার মধ্যরাতে জগন্নাথ হল, জহুরুল হক হল, সূর্যসেন হল ও কবি জসীম উদ্‌দীন হলে তল্লাশী চালানো হয়। হল সূত্র জানায়, ঢালাও তল্লাশী না চালিয়ে নির্দিষ্ট কিছু কক্ষেই কেবল তল্লাশী চালানো হয়। প্রসঙ্গত সোমবার ভোরে শেখ হাসিনাকে গ্রেফতারের প্রতিবাদে ছাত্রলীগ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে।